

শ্রেণিকক্ষে ঢুকে শিক্ষার্থীদের মারধর করল বহিরাগতরা


দোহার-নবাবগঞ্জ
(ঢাকা) প্রতিনিধি

২০ মে, ২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



ঢাকার দোহারে শ্রেণিকক্ষে ঢুকে শিক্ষার্থীদের মারধরের ঘটনা ঘটেছে। গতকাল রবিবার সকালে উপজেলার সুতারপাড়া আব্দুল হামেদ উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। এ সময় এক শিক্ষককেও লাঞ্চিত করা হয়।

বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা গেছে, বেধে এক শিক্ষার্থীর নাম লেখা নিয়ে গত বুধবার টিফিন পিরিয়ডে দশম শ্রেণির দুই শিক্ষার্থীর মধ্যে কথা-কাটাকাটি হয়।

এক পর্যায়ে দুজন হাতাহাতিতে জড়িয়ে পড়ে। ওই ঘটনার ৪০ মিনিট পর এক শিক্ষার্থী তার বাবা রাকিবুল ইসলাম রাকিব ওরফে রাহিম কমিশনার, বড় ভাইসহ বহিরাগত সাত-আটজনকে নিয়ে শ্রেণিকক্ষে ঢুকে প্রতিপক্ষসহ কয়েকজন শিক্ষার্থীকে উদ্দেশ্য করে গালাগালি শুরু করে। এক পর্যায়ে শ্রেণিকক্ষেই প্রধান শিক্ষক ও অন্য শিক্ষকদের সামনেই শিক্ষার্থীদের মারধর করে তারা।

এ বিষয়ে অভিযুক্ত রাকিবুল ইসলাম রাকিব ওরফে রাহিম কমিশনার বলেন, ‘প্রথমে আমার ছেলেকে ওর ক্লাসের পাঁচ-ছয়জন মারধর করেছে।

যে কারণে আমি স্কুলে গিয়েছিলাম।’